স্ট্রীম

সাপোর্ট টু রিজিওনাল এ্যাকুয়াটিক রিসোর্সেস ম্যানেজমেন্ট

Oasis মৎসসেবা কেন্দ্র সূচনা পরিসেবা (ওয়েসিস)

(ওয়ে-এয়ে-সিস)–একটি উর্বর বিন্দু- উর্বর....আবশ্যক তথ্যের ভান্ডারে ধনী।

কৃষকদের কাছে তথ্য পৌঁছে দেবার পদ্ধতির পরিবর্তনের সাম্প্রতিক সুপারিশের উপর স্বসাহায্যকারী দলের ফেডারেশন এবং পূর্ব বারতের রাজ্য সরকার কাজ করতে শুরু করলো, এই মাসে স্ট্রীম পূর্ব ভারতে এক সূচনা সেবা শুরু করলো যা কৃষকদের স্বসাহায্যকারী দলের এবং স্ট্রীম যোগাযোগ কেন্দ্রের মধ্যে সূচনার আদান প্রদান সাহায্যকারী হবে। ইহা অন্যান্য দেশের তথ্যের আদান প্রদানের জন্য রূপায়ণ করা সম্ভব।

তথ্য এবং অন্যান্য সম্পদের আহরণের নতুন পথ

ভারতবর্ষে কৃষকেরা যারা মাছচাষ শুরু করতে চায়, কিভাবে মাছচাষ শুরু করবে সেই বিষয়ে সঠিক তথ্য জানার জন্য তাদের বিভিন্ন জায়গায় ঘুরতে হয়। এই সবের মধ্যে থাকে সরকারী, অন্তসরকারী ও বেসরকরী সাহায্য সম্বন্ধীয় তথ্য এবং গ্রামীণ ব্যাঙ্কের সেবা ও তার সাথে সাথে প্রাসঙ্গিক প্রযুকিতগত জ্ঞান এবং যোগদান।

রাজ্যস্তরীয় সভায় বিভিন্ন অংশীদাররা ঠিক করছে কিভাবে তারা মৎসসেবাকেন্দ্র স্থাপনে সাহায্য করবে এবং স্ট্রীমের যোগদান কি হবে– ফলাফল হচ্ছে মৎসসেবা কেন্দ্র সূচনা পরিসেবা

২০০২-০৩ এ ভারতীয় কৃষি অনুসন্ধান কেন্দ্র, গ্রামীণ বিকাশ ট্রাষ্ট, নেটওয়ার্ক অফ এ্যাকুয়াকালচার সেন্টারস্ ইন এশিয়া প্যাশিফিক্সে (নাকা) সাপোর্ট টু রিজিওনাল এ্যাকুয়াটিক রিসোর্সেস ম্যানেজমেন্ট (স্ট্রীম) এবং ইউ.কে গভর্মেন্ট ডিপার্টমেন্ট ফর ইন্টারন্যাশনাল ডেভলপমেন্ট প্রোগ্রামের (ডি এফ আই ডি) ন্যাচরাল বিসোর্সেস সিষ্টেম প্রোগ্রাম (এন আর এস পি) একসাথে একটি প্রকল্পের কাজে কৃষক এবং মৎসকৃষকদের সাথে কাজ করেছিল এটা দেখার জন্য যে বিভাবে গরীব মানুষদের জন্য মাছচাষের ক্ষেত্রে উন্নতি করা সম্ভব হবে।

এই প্রকল্পের দরুণ ঝাড়খণ্ড, উড়িষ্যা এবং পঃ বাংলার থেকে ৩৫০ জনেরও বেশী কৃষক, মৎসকৃষক, মৎসসেবা প্রদানকারী ও নীতি নির্ধারকগণ জাতীয়, রাজ্যস্তরীয় ও স্থানীয় বিভিন্ন মিটিং এ অংশগ্রহণ করেছিল এবং বিভিন্ন ঘটনার বিবরণী, ছায়াছবি ও নাটক তৈরী করা হয়েছিল।

সেবা প্রদানের পদ্ধতির পরিবর্তনের জন্য ৪২টি সুপারিশ সর্বসমক্ষে এসেছিল এবং তার মধ্যে থেকে ১৩টি সুপারিশ অগ্রাধিকার পেয়েছিল। ইহাতে অন্তর্ভূক্ত ছিল মাছচাষ সম্বন্ধীয় তথ্য, সরকারী যোজনা ও ব্যাঙ্ক ঋণের ব্যাপারে তথ্য প্রাপ্তির পদ্ধতির পরিবর্তন, যাতে মৎসসেবা কেন্দ্র খোলার কল্পনাও জড়িত ছিল যেকানে ইচ্ছুক অংশীদীররা একইস্থানে বিভিন্ন রকমের তথ্য সংগ্রহ করতে পারবে, এবং প্রশিজ্ঞণ, লঘু ঋণ সম্বন্ধীয় সূক্ষ, সরকারী যোজনার নীতি এবং ঋণ সম্বন্ধীয় খোঁজখবর পাবে (এবং ভবিষ্যতে হয়তো মাছের চারা ও অন্যান্য সুবিধাও পাওয়া যেতে পারে।

যেহেতু মৎসসেবা কেন্দ্র নিয়ে সকলের মধ্যে মতৈক্য ছিল তাই মৎসসেবা কেন্দ্র সম্বন্ধীয় বিভিন্ন মডেল উদ্ভূত হলো। স্থানীয় মৎসকৃষকদের স্বসাহায্যকারী দলের ফেডারেশনের দ্বারা (পঃ বাংলার গ্রামে) একটি মৎসসেবা কেন্দ্রের সূচনা হলো ও পরিচালিত হয়, অন্যটি ঝাড়খণ্ডের রাজ্যের মৎসবিভাগে স্থাপিত ও তাদের দ্বারাই পরিচালিত এবং তৃতীয়টি পঃ উড়িষ্যার বিভিন্ন গরীব জেলাগুলিতে রাজ্য সরকারের প্রকল্প দ্বারা স্থাপিত ও পরিচালিত।

সাম্প্রতিক পরিকল্পনা সভায় যাতে সরকারী, অর্ন্তসরকারী এবং বেসরকারী সেবা প্রদানকারীরা অংশগ্রহণ করেছিল সেখানে স্ট্রীম, মৎসসেবা কেন্দ্র কে সূচনা সেবা দিয়ে সাহায্য করতে রাজী হয়েছিল যা 'মৎসসেবা কেন্দ্র সূচনা পরিসেবা' নামে খ্যাত। এই সেবার লক্ষ্য হচ্ছে কৃষক এবং মৎসকৃষকদের থেকে ও অন্যান্য সেবা প্রদানকারী, সংবাদ মাধ্যম, ইন্টারনেট, শিক্ষাগত নির্দিষ্ট গবেষণার তথ্য এবং ফলাফল থেকে তথ্য সংগ্রহ করে ইচ্ছুক দলের লোকজনেদের জানানো এবং অন্যান্য দেশের থেকেও শেখা। এই সূচনা পরিসেবা স্ট্রীম ইনিশিয়েটিভের দেশীয় যোগাযোগ কেন্দ্র, ভূবনেশ্বর থেকে পাওয়া যাবে।

পশ্চিম বাংলার পুরুলিয়ার জেলার কাইপাড়ায়
মৎস সেবাকেন্দ্র

মৎসসেবা কেন্দ্র সূচনা পরিসেবার লক্ষ্য হচ্ছে মৎসসেবা কেন্দ্রকে নিম্নলিখিত সেবাগুলি প্রদান করা

স্ট্রীম পত্রিকা দ্বারা অন্যদের থেকে শেকা এবং তাদের সাথে অভিজ্ঞতা বন্টন

এশিয়া প্যাশিফিকের জলীয় সম্পদ ব্যাবহারকারী গরীব লোকেদের জীবিকার সাহায্যের স্বার্থে যোগদান, যোগাযোগ ও নীতির উন্নতিতেএবং জলীয় সম্পদ পরিচালনার সাথে অঞ্চলের অন্যান্য ক্ষেত্রের যোগাযোগের জন্য স্ট্রীম পত্রিকা বছরে চারবার প্রকাশিত হয়। ইহা স্ট্রীম যোগাযোগ কেন্দ্র দ্বারা পুনরায় স্থানীয় ভাষায় প্রকাশিত করা হয় এবং পত্রিকাগুলি মৎসসেবা কেন্দ্রে পাওয়া যাবে।



'যোগাযোগের' সাহায্যে খুঁজে বার করা হয় ক কোনজন

যোগাযোগ হচ্ছে একটি তথ্যসহ ডাটাবেস যাতে বিভিন্ন ক্ষেত্রের যোগাযোগের জন্য সঠিক ব্যাক্তির নাম দেওয়া থাকবে। যেমন মৎসসেবা ব্যাঙ্ক, মৎস বিভাগের লোকজন, বেসরকারী সংস্থা, পঞ্চায়েত, বীমা প্রদানকারী, জিনিষপত্রের যোগানদার এবং আরো অনেকে। এই যোগাযোগের বিস্তৃত বিবরণী ডাটাবেস থেকে ছাপানো অক্ষরে বের করা যাবে।

স্ট্রীম ভারচুয়াল পুস্তকালয়ের ব্যাবহার

স্ট্রীমের অন্যান্য দেশের অভিজ্ঞতা থেকে শিক্ষণ এবং তা মৎসসেবা কেন্দ্রে CD-Rom(সিডি-রম) দ্বারা দেখা যাবে অথবা স্ট্রীম যোগাযোগ কেন্দ্রের প্রকাশনা, তথ্য, অথবা ওয়েবসাইটের মাধ্যমে ভারচুয়াল পুস্তকালয় থেকে শেখা যাবে। http://www.streaminitiative.org/library/virtuallibrary.html

নাকা আলোচনা সভা থেকে আপনার প্রশ্নের উত্তর পান

মৎসসেবা কেন্দ্র সূচনা পরিসেবা দ্বারা মৎসসেবা কেন্দ্রের অংশীদীরগণ সুযোগ পাবে স্ট্রীমের যোগাযোগ কেন্দ্রের সাহায্যে এবং বিস্তৃত অন-লাইন গোষ্ঠীর মধ্যে নিজের প্রশ্ন তুলে ধরার, www.enaca.org তে পাওয়া যাবে।

আরো ভালোভাবে কাজ করার পথনির্দেশিকা

স্ট্রীম তৈরী করে এবং স্থানীয় বিশেষজ্ঞ দ্বারাও তৈরী করায় আরো ভালোভাবে কাজ করার পথনির্দেশিকা। এইগুলি স্থানীয় ভাষায় মৎসসেবা কেন্দ্র থেকে পাওয়া যাবে। আরো ভালোভাবে কাজ করার নির্দেশিকাতে কাজ করার পদ্ধতি ও প্রাপ্ত কৌশলের সম্বন্ধে লেখা হয়।

গল্প

মৎসসেবা কেন্দ্র থেকে স্থানীয় ভাষায় গল্প পড়তে পাওয়া যাবে।

জাগুরকতা তৈরী করা

লোকেরা মৎসসেবা কেন্দ্র থেকে প্রাপ্ত বিভিন্ন ভিডিও, ডকুমেন্টারী, পথ নাটিকা দেখতে পাওয়া যাবে।

পবিদর্শন

একটি দলের কাজকর্ম পরিদর্শন, হয়তো তারা যে কাজ করবে আপনি হয়তো তা পরি কল্পনা করেছিলেন।

আরো বিশদ বিবরণের জন্য যোগাযোগ করুন, রুবু মুখার্জী, Stream India Communication Hub, Duplex : 02, T.S.Homes, Tanka pani road, Bhubaneswar, India.E-mail : streamin@sancharnet.in